কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ

EI YUG

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746



ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 20 AUGUST 2026 ,THURSDAY | ২০ আগস্ট ২০২৬ ,বৃহস্পতিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-257


## বন কর্মীদের অভিযানে পাচারের পথে উদ্ধার কুড়িলক্ষ টাকার সেগুন কাঠ




**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৯ আগস্ট :** বন দপ্তরের বক্সা ব্যাঘ্র প্রকল্প পূর্ব বিভাগের সাউথ রায়ডাক রেঞ্জের কর্মীরা বুধবার সকালে গোপন সুত্রে খবর পান একটি ট্রাকে করে মিজোরাম সেগুন কাঠ পশ্চিমবঙ্গে পাচারের উদ্দ্যেশ্যে অসম থেকে রওনা হয়েছে। খবরপেয়ে সাউথ রায়ডাক রেঞ্জের রেঞ্জার প্রভাত কুমার বর্মন এর নেতৃত্বে বন কর্মীরা সাতাশ নম্বর জাতীয় সড়কের চেপানী এলাকায় ওঁত পাতেন। অপেক্ষায় থাকতে থাকতেই নির্দিষ্ট ট্রাকটিকে জাতীয় সড়ক ধরে আসতে দেখে বন কর্মীরা ট্রাকটিকে দাঁড় করানোর জন্য সিগন্যাল দেন। সিগন্যাল দেখে চালক বিপদের আঁচ করে না দাঁড়িয়ে আরো গতিবেগ বাড়িয়ে পালাতে শুরু করেন। বন কর্মীরা ও ট্রাকটির পিছু ধাওয়া করেন। ট্রাকের চালক ও অন্যান্যরা ধাওয়া খেয়ে বেগতিক বুঝতে পেরে সুযোগ মত ট্রাকটিকে জাতীয় সড়কের ধারে এক জায়গায় থামিয়ে ট্রাক ছেড়ে পালিয়ে যায়। বন কর্মীরা ট্রাকে তল্লাশী চালিয়ে উদ্ধার করেন সাতশো ঘন ফুট মিজোরাম সেগুন কাঠ। কাঠ সহ ট্রাকটিকে বাজেয়াপ্ত করে সাউথ রায়ডাক রেঞ্জ অফিস চত্বরে নিয়ে আসা হয়। বন কর্মীরা জানান উদ্ধার করা কাঠের বাজার মূল্য কুড়ি লক্ষ টাকা। পলাতক দের উদ্দ্যেশ্যে বন কর্মীরা তল্লাশী শুরু করেছেন।

## কলকাতার নিউ মার্কেটে বহুতল হোটেলে অগ্নিকাণ্ডের ঘটনায় তীব্র ক্ষোভ প্রকাশ পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পালের



**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কলকাতা ,১৯ আগস্ট :** কলকাতার নিউ মার্কেটের কাছে মির্জা গালিব স্ট্রিটে বহুতল হোটেলে গতকাল অগ্নিকাণ্ডে ৯ জনের মৃত্যুর ঘটনায় বিশেষ তদন্তকারী দল সিট গঠন করেছে কলকাতা পুলিশ। নিহতদের মধ্যে পাঁচজন বাংলাদেশের বাসিন্দা। নিহত নয় জনের মধ্যে দুইজন মহিলা ও একটি শিশু রয়েছে বলে জানা গেছে। অগ্নি নির্বাপন ব্যবস্থা সঠিকভাবে ছিল কিনা বা হোটেল সম্পর্কিত অন্যান্য অনুমতি ছিল কিনা ,এই ধরনের একাধিক বিষয়ের রিপোর্ট মুখ্য সচিব মনোজ কুমার আগরওয়াল চেয়েছেন বলে নবান্ন সূত্রের খবর। আগুন লাগার খবর পেয়ে বুধবার সকালে দুর্ঘটনাস্থলে যান পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল এবং শিল্পমন্ত্রী তাপস রায় । মন্ত্রী অগ্নিমিত্রা পাল সাংবাদিকদের বলেন , "ওই হোটেলটিতে পর্যাপ্ত অগ্নি নির্বাপন ব্যবস্থা ও আপদকালীন নির্গমন পথ ছিল না। ১৫ বছর ধরে সেখানে অডিট হয়নি যদিও ৮০ জনকে বাঁচানো সম্ভব হয়েছে। আজকে পুলিশ এবং দমকল কর্মীরা দুর্দান্ত কাজ করেছেন। কিন্তু যারা এই ধরনের হোটেল চালাচ্ছে তারা ট্রেড লাইসেন্স কি করে পেল, তাদেরকে হোটেল করার অনুমতি কে দিয়েছে, সিইএসসি কি করে তাদের কারেন্ট দিল এগুলো দেখার বিষয়। তাই তদন্ত হোক, সব প্রশ্নের উত্তর বেরিয়ে আসবে। আমাদের সরকারের শুধু একশো দিন হয়েছে"।হোটেলের ম্যানেজার কে আটক করা হয়েছে এবং জিজ্ঞাসাবাদ করা হচ্ছে কিন্তু হোটেল মালিক পলাতক বলে জানা গেছে ।

# আলুর বস্তার আড়ালে কফ সিরাপ পাচারের ছক ভেস্তে দিলো ডিআরআই ,গ্রেপ্তার দুই



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,১৯ আগস্ট :** ডি আর আই শিলিগুড়ি শাখার কর্মীরা বুধবার গোপন সুত্রে খবর পান হাওড়া থেকে আলুর বস্তা বোঝাই একটি ট্রাকে বিপুল পরিমান কফ সিরাপ পাচার করা হচ্ছে। খবর পেয়ে ডি আর আই কর্মীরা বুধবার সকালে ফুলবাড়ি ঘোষপুকুর টোল প্লাজার কাছে অভিযান চালিয়ে নির্দিষ্ট ট্রাকটিকে আটক করে তল্লাশী চালান। তল্লাশীতে ট্রাকে থাকা আলুর বস্তার আড়াল থেকে উদ্ধার হয় আট হাজার দুশো বোতল নিষিদ্ধ কফ সিরাপ। উদ্ধার করা কফ সিরাপ সহ ট্রাকটিকে বাজেয়াপ্ত করে গ্রেপ্তার করা হয় চালক ও তার সহকারী চালককে। ধৃতদের নাম মহীউদ্দীন ও মহম্মদ আরিফ। ধৃত দুজনেই উত্তরপ্রদেশের বাসিন্দা। ডি আর আই সুত্রে জানা গেছে ধৃতরা হাওড়া থেকে শিলিগুড়ি হয়ে অসম পেরিয়ে মেঘালয়ে এই কফ সিরাপ পাচারের ছক কষেছিলো। উদ্ধার করা কফ সিরাপ এর আনুমানিক বাজার মূল্য বিরাশি লক্ষ টাকা। ধৃতদের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে বুধবার আদালতে পেশ করা হয়। আদালত ধৃতদের চৌদ্দ দিনের জেল হেফাজতের নির্দেশ দিয়েছে। পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছেন ডি আর আই কর্মীরা।

# তিনটি পঞ্চায়েত এলাকার প্রায় ২০ কিলোমিটার রাস্তা মরন ফাঁদ






**সুমিত কান্তি সরকার ,এই যুগ ,জলপাইগুড়ি ,১৯ আগস্ট :** জলপাইগুড়ি জেলার ধূপগুড়ি ব্লকের প্রায় এক লক্ষ গ্রামের মানুষের কাছে যোগাযোগের প্রধান ভরসা এশিয়ান হাইওয়ে ৪৮ থেকে ঠাকুরপাট হয়ে খট্টিমারি-দুরামারি পর্যন্ত প্রায় ২০ কিলোমিটার দীর্ঘ রাস্তা। কিন্তু দীর্ঘদিন ধরে সংস্কারের অভাবে বর্তমানে সেই রাস্তার পরিস্থিতি এতটাই বেহাল যে, যাতায়াত কার্যত দুঃসাধ্য হয়ে উঠেছে। বিগত সরকারের আমলে দীর্ঘদিন অভিযোগ জানানোর পরও কোনো সুরাহা মেলেনি এমনই অভিযোগ এলাকাবাসীর। স্থানীয়দের কথায় ,রাস্তায় বড় বড় গর্ত এবং ভাঙাচোরা অংশের কারণে এখন টোটো সহ অন্যান্য যান চলাচল চলাচলও বন্ধ হওয়ার মুখে।এই ২০ কিলোমিটার রাস্তার দু'পাশে রয়েছে তিনটি গ্রাম পঞ্চায়েতের বিস্তীর্ণ জনবসতি। গ্রামের সঙ্গে শহরের যোগাযোগের অন্যতম প্রধান এই পথ দিয়েই প্রতিদিন স্কুল পড়ুয়া, সাধারণ মানুষ থেকে শুরু করে রোগী ও জরুরি পরিষেবার গাড়ি যাতায়াত করে। কিন্তু রাস্তার বর্তমান পরিস্থিতিতে অ্যাম্বুল্যান্স, দমকলের মতো জরুরি পরিষেবাও চরম সমস্যায় পড়ছে বলে অভিযোগ।রাস্তার বড় বড় গর্ত কোথাও কোথাও কার্যত পুকুরের আকার নিয়েছে। পিচ উঠে গিয়ে বেরিয়ে পড়েছে পাথর। ফলে সামান্য অসতর্ক হলেই দুর্ঘটনার আশঙ্কা রয়েছে। টোটো চালকরাও এই পথে যাতায়াত করতে সমস্যায় পড়ছেন। অনেক সময় বাধ্য হয়ে ঘুরপথে যেতে হচ্ছে তাঁদের। এতে যেমন সময় বাড়ছে, তেমনই যাত্রীদের অতিরিক্ত ভাড়াও গুনতে হচ্ছে।শুধু যাতায়াত নয়, রাস্তার বেহাল দশার সরাসরি প্রভাব পড়ছে কৃষকদের উপরও। প্রায় ২০ কিলোমিটার এলাকাজুড়ে রয়েছে বিস্তীর্ণ কৃষিবলয়। চাষিরা তাঁদের উৎপাদিত ফসল ধূপগুড়ি রেগুলেটেড মার্কেটে নিয়ে যেতে না পেরে অনেক সময় বাধ্য হয়ে স্থানীয় পাইকারদের কাছে কম দামে ফসল বিক্রি করছেন কার্যত বাধ্য হয়ে । ফলে পরিবহণ সমস্যার কারণে আর্থিক ক্ষতির মুখে পড়ছেন কৃষকরা।স্থানীয় বাসিন্দাদের অভিযোগ ,প্রতি বছর ভোট আসে, ভোট যায়। ভোটের আগে রাস্তা সংস্কারের প্রতিশ্রুতিও মেলে। কিন্তু ভোট মিটলেই সেই প্রতিশ্রুতি যেন হারিয়ে যায়। দীর্ঘদিন ধরে একই অবস্থায় পড়ে রয়েছে গুরুত্বপূর্ণ এই সড়ক।এখন পশ্চিমবঙ্গে নতুন সরকার গঠন হয়েছে, তাঁদের দাবি নব্য সরকার দীর্ঘদিনের বঞ্চনার অবসান ঘটিয়ে অবিলম্বে রাস্তার সংস্কার করে যোগাযোগ ব্যবস্থা স্বাভাবিক করবে। না হলে আগামী দিনে এই বেহাল রাস্তা শুধু দুর্ভোগের কারণ নয়, বড়সড় দুর্ঘটনারও কারণ হয়ে উঠতে পারে।

# ব্রাউন সুগার সহ গ্রেপ্তার দুই




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,১৯ আগস্ট :** শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের অধীন বাগডোগরা থানার পুলিশ গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে মঙ্গলবার রাতে মুনি চা বাগান ডিভিসন লগোয়া এলাকায় অভিযান চালিয়ে একটি ছোট চার চাকার গাড়ি আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে গাড়ি থেকে উদ্ধার হয় দুশো সত্তর গ্রাম ব্রাউন সুগার ও একটি এন্ড্রয়েড মোবাইল ফোন। গ্রেপ্তার করা হয় গাড়িতে থাকা দুজনকে। বাজেয়াপ্ত করা হয় উদ্ধার করা ব্রাউন সুগার সহ গাড়িটিকে। ধৃতদের নাম দীপক কুমার রায় (২৬) ও মসীন (২৭), দুজনেই বিহারের কিষানগঞ্জ জেলার কোচাধামান থানা এলাকার বাসিন্দা। এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সমস্ত প্রক্রিয়াটি সম্পন্ন করা হয়েছে। ধৃতদের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা দায়ের করে আদালতে পাঠানো হয়েছে। পুলিশ পরবর্তী পর্যায়ের তদন্তের কাজ শুরু করেছে।



# কালচিনি এলাকায় ভয়াবহ আগুন




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৯ আগস্ট :** আলিপুরদুয়ার জেলার কালচিনি নিউলাইন এলাকায় ভয়াবহ অগ্নিকাণ্ড ক্ষতিগ্রস্থ একটি বাড়ি। এদিন সন্ধ্যা সাতটার পর কালচিনি নিউলাইন এলাকায় বিনয় সাহ  কাঠের দোতালা বাড়িতে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। চোখের নিমিষে আগুন বিরাট রূপ নেয়। ঘটনাস্থলে হ্যামিল্টণগঞ্জ থেকে দমকল দুটি ইঞ্জিন পৌছেছে। দমকল কর্মীরা আগুন নিয়ন্ত্রণে আনার চেষ্টা চালাচ্ছে। এলাকায় চ্যাঞ্চল্য।

# নাকা চেকিং এ উদ্ধার পয়ত্রিশটি মহিষ ,গ্রেপ্তার দুই



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার ,১৯ আগস্ট :** কোচবিহার জেলা পুলিশের বক্সিরহাট থানার পুলিশ নাকা চেকিং পরিচালনার সময় বুধবার একটি ট্রাক আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক ট্রাক থেকে উদ্ধার হয় পয়ত্রিশটি মহিষ। মহিষ গুলি কে অত্যন্ত অমানবিকভাবে পরিবহন করা হচ্ছিলো। মহিষ পরিবহনের কোনও বৈধ নথিপত্র দেখাতে না পারায় পুলিশ ট্রাকের চালক ও তার সহকারীকে গ্রেপ্তার করে মহিষ সহ ট্রাকটিকে বাজেয়াপ্ত করে। ধৃতদের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে আদালতে পেশ করা হয়। পুলিশ সূত্রে জানা গেছে মহিষগুলিকে অসমে পাচারের উদ্দ্যেশ্যে নিয়ে যাওয়া হচ্ছিল।



EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | PRGI : WBBEN/2020/81746 |